



স্মরণে বরণে উন্নয়নে

সাথে আছি

Sathe Achi

Mobile No. 7439929424



e mail no. satheachi@gmail.com

website : sathe-achi.com

A Project of Chowdhury Enterprises Pvt. Ltd.

বিপ্লবী সমাজসংস্কারক শৈলেশ্বর চৌধুরী সংক্ষিপ্ত জীবনী

- Jitu Chowdhury

১৮৯৫ সালে অবিভক্ত ভারতবর্ষে চট্টগ্রাম জেলার রাউজান থানার অন্তর্গত মহামুনি পাহাড়তলী গ্রামে বিপ্লবী শৈলেশ্বর চৌধুরী জন্মগ্রহণ করেন। তাঁহার পিতার নাম ডা: রমেশ চন্দ্র চৌধুরী ও মাতার নাম মুক্তলতা চৌধুরী। তাহারা ছিলেন চার ভাই ও দুই বোন। শৈলেশ্বর চৌধুরী, গিরিবালা চৌধুরী, ভ্রমর চৌধুরী, বিপ্লবী ডা: অমিয় কান্তি চৌধুরী, বিপ্লবী সাংবাদিক বিশ্বেশ্বর চৌধুরী, পীযুষ চৌধুরী। ১৯১২ সালে শৈলেশ্বর চৌধুরী মেট্রিকুলেশন প্রথম বিভাগে পাশ করেন। ১৯১৪ সালে মহামুনি পাহাড়তলী গ্রামে গিরীশ চন্দ্র ঘোষের "বুদ্ধদেব চরিত" নাটকে সিদ্ধার্থের ভূমিকায় শৈলেশ্বর চৌধুরী অভিনয় করেন। ১৯১৬ সালে তিনি একটা পাতলা তক্তায় আলকাতরা দিয়ে চট্টগ্রাম শহরে যেখানে থাকতেন সেখান "তামাকুমণ্ডি" লিখে কাঠের খুটি লাগিয়ে পুতে দেন। সেই থেকে চট্টগ্রাম শহরের সেই গলির নাম হয়ে যায় তামাকুমণ্ডি। ১৯১৭ সালে তিনি চট্টগ্রাম কলেজ থেকে বিএ পাশ করেন। ১৯১৮ সালে কলকাতা বারানসী ঘোষ স্ট্রীট জোড়াসাঁকো হাইস্কুলে শৈলেশ্বর চৌধুরী সহকারী পালি শিক্ষক হিসাবে যোগদান করেন। স্বগ্রামের অভিধর্ম প্রনেতা বীরেন্দ্র লাল মুংসুদী মেয়েকে বিয়ে করেন। ১৯১৯ সালে ১৩২৫ বাংলা ১লা বৈশাখ কলকাতা ধর্মান্তর বিহারে কর্মযোগী কৃপাশরণ মহাস্থবিরের সভাপতিত্বে কবিধ্বজ্ঞ গুণালঙ্কার মহাস্থবিরের স্মৃতিচারণ সভায় শৈলেশ্বর চৌধুরী গুণালঙ্কারের জীবনী ও কার্যাবলী নিয়ে আলোচনা করে বক্তৃতা প্রদান করেন। ১৯২১ সালে মহাস্থা গান্ধী নেতৃত্বে অসহযোগ আন্দোলন শুরু হলে শৈলেশ্বর চৌধুরী ও তাহার ভ্রাতা ডা: অমিয় ভূষণ চৌধুরী সেই আন্দোলনে যোগদান করেন। ১৯২৬ সালে চট্টগ্রাম বৌদ্ধ কো-অপারেটিভ ব্যাংক লিমিটেডের শৈলেশ্বর চৌধুরী ডাইরেক্টর নির্বাচিত হন। ১৯৩১ সালে ১৩ ই নবেম্বর মহাবোধি সমিতির অর্থব্যয়ে সারনাথে "মূলগন্ধকুটী" বিহারে দ্বারোদঘাটন উৎসবে চট্টগ্রাম বৌদ্ধ সমাগমের পক্ষে শৈলেশ্বর চৌধুরী তাহার বক্তৃতায় বলেন, কোন হিন্দু বৌদ্ধ ধর্ম গ্রহণ করিলে দেশ প্রধানুযায়ী সম্পত্তির উত্তরাধিকারিত্ব সঙ্কক্ষে শাসিত হইবেন। তিনি চট্টগ্রামের বৌদ্ধগণের হিন্দু আইনের দায়ভাগমতে উক্তরূপ শাসিত হওয়া সম্পর্কে উল্লেখ করেন। ১৯৩৩ সালে ইটালীয় বিখ্যাত বৌদ্ধ ভিক্ষু লোকনাথ বার্মা হতে চট্টগ্রাম আগমন করেন। তিনি চট্টগ্রামের বিভিন্ন স্নানে ধর্ম দেশনা দিয়ে ফেনী কলেজ প্রঙ্গনে আস্থা ও ঈশ্বর সম্পর্কে ধর্ম দেশনা প্রদান করেন। ধর্ম দেশনা প্রদান শেষে শৈলেশ্বর চৌধুরী লোকনাথ ভিক্ষুকে আস্থা ও ঈশ্বর সম্পর্কে দেশনা করিতে বারণ করেন। তিনি বলেন হিন্দুরা তাহাদের বদ্ধমূল ধারণা কিছুতেই বর্জন করিবেন না। ঐ সম্পর্কে দেশনা করিয়া যেমন বৃথা পরিশ্রম করা হয় তেমনি তাহাদিগকে অসন্তুষ্ট করা হয়। ইহাতে লাভ না হইয়া ক্ষতিই বেশী হইয়া থাকে। ১৯৩৫-৩৬ সালে শৈলেশ্বর চৌধুরী, কিরণ বিকাশ মুংসুদী প্রমুখ সমাজ উন্নয়নের বিবিধ নীতি গ্রহণে বিভিন্ন বৌদ্ধ পল্লী ভ্রমণের সংকল্প গ্রহণ করে "মৈত্রী বিহার" গঠন করেন। ১৯৩৮ সালে ভগীরথনগরে (হোয়ারাপাড়া) অগগসার জয়ন্তী ও চট্টগ্রাম বৌদ্ধমহাসভার অনুষ্ঠানের শৈলেশ্বর চৌধুরী সহকারী সম্পাদক নির্বাচিত হন। ১৯৪২ সালে তিনি পরলোক গমন করেন।

তথ্য সূত্র:

- জগজ্যোতি, ৩য় বর্ষ ১২শ সংখ্যা, ১৩১৮ বাংলা
- জীবন কথা, সত্যানন্দ মহাস্থবির, ১৯৬৮ সাল
- অগগসার জয়ন্তী, উমেশ চন্দ্র মুংসুদী, ১৯৩৮ সাল
- জগজ্যোতি, ১০ম বর্ষ ১১শ সংখ্যা, ১৯১৯ সাল

- রামধন মহাস্থবিরের অস্তোষ্টিক্রীয়ার কাব্যবিবরণী, উমেশ চন্দ্র মুংসুদী, ১৯২৬ সাল
- আমার কথা, বিশ্বেশ্বর চৌধুরী, ১৯৯৯ সাল
- সংঘশক্তি পত্রিকা, ৩য় বর্ষ ২য় সংখ্যা, ১৯৩২ সাল
- Buddha dharamakursabha, 1924-25

প্রিয় শ্রীযুক্ত বাবু জিতু চৌধুরী, আমার ঠাকুরদা "শৈলেশ্বর চৌধুরীর" জীবন বৃত্তান্ত আলোকপাত করার জন্য আমি আন্তরিক অভিনন্দন এবং ধন্যবাদ জ্ঞাপন করছি। আপনার গবেষণা আমাদের সমাজের জন্য মাইল ফলক, আপনি ধর্ম এবং সমাজ গবেষণায় সর্বদা এগিয়ে চলুন আমরা আপনার সাফল্য কামনা করি।



Avhijit Chowdhury

MD & CEO